

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া
 “গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট ‘পল্লী জনপদ’
 নির্মাণ” (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প

স্মারক নং- পউএ/সিআইডব্লিউএম/পল্লী জনপদ/০৯/২০১৫/১৪৮

তারিখঃ ২৫ আশ্বিন, ১৪২৮ বাং।
 ১০ অক্টোবর, ২০২১ ইং।

নিয়োগ বিজ্ঞপ্তি


পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন “গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট ‘পল্লী জনপদ’ নির্মাণ” (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (প্রকল্প মেয়াদকালীন ৩০ জুন, ২০২২ পর্যন্ত ও বরাদ্দ অনুযায়ী) নিম্নবর্ণিত পদের বিপরীতে জনবল নিয়োগের উদ্দেশ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম ও সাকুল্যে বেতন	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী পরিচালক (ফ্রেডিট) গ্রেড- ০৯, সাকুল্যে বেতন- ৩২,৮০০/- টাকা	০১ (এক)	সর্বোচ্চ ৩০ বছর	<input type="checkbox"/> বিএসসি (কৃষি অর্থনীতি)তে ২য় বিভাগ প্রাপ্ত; <input type="checkbox"/> বাস্তব কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; <input type="checkbox"/> বয়স- ৩০ বছর; অধিক অভিজ্ঞ প্রাপ্তিদের ক্ষেত্রে সময়সীমা শিথিলযোগ্য; <input type="checkbox"/> কম্পিউটার পরিচালনায় অফিস প্রোগ্রাম বিশেষ করে MS Word, MS Excel, MS Access & Power Point বিষয়ে বিশেষ পারদর্শী হতে হবে।
২।	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল, পাওয়ার/মেকানিক্যাল) গ্রেড- ১০, সাকুল্যে বেতন- ২৬,০০০/- টাকা	০২ (দুই)	সর্বোচ্চ ৩০ বছর	<input type="checkbox"/> ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং-এ ২য় বিভাগ প্রাপ্ত; <input type="checkbox"/> বাস্তব কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; <input type="checkbox"/> বয়স- ৩০ বছর; অধিক অভিজ্ঞ প্রাপ্তিদের ক্ষেত্রে সময়সীমা শিথিলযোগ্য; <input type="checkbox"/> কম্পিউটার পরিচালনায় অফিস প্রোগ্রাম বিশেষ করে MS Word, MS Excel, MS Access & Power Point বিষয়ে বিশেষ পারদর্শী হতে হবে।

প্রার্থীকে নিম্নবর্ণিত তথ্যসমূহ উল্লেখপূর্বক মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া বরাবর জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯ ডিসেম্বর ২০১৪ তারিখের স্মারক নং-০৫.১১০.০০০০.০০.০৮৯.১৪-০১ পরিপত্রে উল্লিখিত চাকরির আবেদনের মডেল অনুযায়ী আবেদন করতে হবে যা আরডিএ’র ওয়েব সাইটে (www.rda.gov.bd) পাওয়া যাবে। আবেদন পত্র আগামী ৩১ অক্টোবর, ২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি প্রকল্প পরিচালক, “গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট ‘পল্লী জনপদ’ নির্মাণ” (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প, সিআইডব্লিউএম ভবন, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া-এর দপ্তরে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন বিবেচনা করা হবে না।

শর্তাবলীঃ

- আবেদনকারীকে মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার অনুকূলে পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকার পোস্টাল অর্ডার (অফেরৎযোগ্য) সংযুক্ত করতে হবে।
- খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। স্বাক্ষরবিহীন ও অস্পষ্ট আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ছবি (পার্শ্ব ছবি গ্রহণযোগ্য হবে না) ও নির্ধারিত পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের সাথে কোন সনদপত্র সংযোজনের প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের এক সেট সত্যায়িত ফটোকপিসহ মূলকপি সঙ্গে আনতে হবে।
- আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠার) বৎসর এবং আবেদনের শেষ তারিখে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর এর মধ্যে থাকতে হবে। তবে অধিক অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শীথিলযোগ্য। এছাড়া মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, জেলা কোটা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর বয়সসীমার ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি অনুসরণ করা হবে।
- যে কোন প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- চাকুরী প্রকল্পের মেয়াদকাল অর্থাৎ ৩০ জুন, ২০২২ পর্যন্ত বলবৎ থাকবে।
- নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত, ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- যথাযথ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা রাখে। নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এতদক্ষেত্রে, কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


 (মোঃ দেলোয়ার হোসেন) ১০/১০/২০২১
 প্রকল্প পরিচালক।